**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ০৮

তারিখ : এপ্রিল ২৫, ২০২৩ / বৈশাখ ১২, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**কাঁকড়া ও কুঁচে (জীবন্ত, হিমায়িত ও সফটসেল) রপ্তানিতে ভর্তুকি প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নং ৪০, তারিখঃ ডিসেম্বর ১১, ২০১৮-এর ৫(ক) নম্বর অনুচ্ছেদের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, হিমায়িত ও সফটসেল কাঁকড়া রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনপত্রের সাথে বাংলাদেশ লাইভ এন্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন-এর পরিবর্তে বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন-এর প্রত্যয়ন সনদপত্র এতদ্সংযুক্ত ফরম 'খ-১' অনুসারে দাখিল করতে হবে। তবে উপরোল্লিখিত এফই সার্কুলারের নির্দেশনা অনুসারে কুঁচে ও কাঁকড়া (জীবন্ত) রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনপত্রের সাথে বাংলাদেশ লাইভ এন্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন-এর প্রত্যয়ন সনদপত্র (ফরম 'খ-২' অনুসারে) দাখিলের শর্ত পূর্বের ন্যায় বহাল থাকবে।

০৩। সার্কুলার জারির তারিখ থেকে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা কার্যকর হবে।

আলোচ্য খাতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩

(অনুচ্ছেদ ০২, এফই সার্কুলার নং-০৮/২০২৩ দ্রষ্টব্য)

**ফরম 'খ-১'**

**বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়ন সনদপত্র**

কাঁকড়া (হিমায়িত ও সফটসেল) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :

৩। বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা :

৪। বিদেশি ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :

৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :

৬। রপ্তানিকৃত কাঁকড়া (হিমায়িত ও সফটসেল) উৎপাদনের ব্যবহৃত স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) : পরিমাণ : মূল্য :

৭। রপ্তানিকৃত কাঁকড়া (হিমায়িত ও সফটসেল) উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) : পরিমাণ : মূল্য :

৮। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :

৯। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :

১০। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :

১১। মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) : নীট এফওবি রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) :

১২। প্রত্যাবাসিত রপ্তানিমূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সূত্র থেকে কাঁকড়া ও অন্যান্য উপকরণাদি সংগ্রহের মাধ্যমে আমাদের নিজস্ব কারখানায় প্রক্রিয়াকৃত কাঁকড়া (হিমায়িত ও সফটসেল) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশি ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশি ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর রপ্তানি ভর্তুকি পরিশোধের সুপারিশ করা হলো।

বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন-এর দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোনো প্রকার ঘষামাজা, কাঁটাছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]

(অনুচ্ছেদ ০২, এফই সার্কুলার নং-০৮/২০২৩ দ্রষ্টব্য)

**ফরম 'খ-২'**

**বাংলাদেশ লাইভ এন্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়ন সনদপত্র**

কুঁচে ও কাঁকড়া (জীবন্ত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :

৩। বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা :

৪। বিদেশি ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :

৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :

৬। রপ্তানিকৃত কুঁচে ও কাঁকড়া (জীবন্ত) উৎপাদনের স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৭। রপ্তানিকৃত কুঁচে ও কাঁকড়া (জীবন্ত) উৎপাদনে ব্যবহৃত আমদানিকৃত উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :

পরিমাণ : মূল্য :

৮। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :

৯। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :

১০। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :

১১। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) : নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :

১২। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সূত্র থেকে কুঁচে ও কাঁকড়া (জীবন্ত) ও অন্যান্য উপকরণাদি সংগ্রহের মাধ্যমে আমাদের নিজস্ব কারখানায় প্রক্রিয়াকৃত কুঁচে ও কাঁকড়া (জীবন্ত) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশি ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশি ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর রপ্তানি ভর্তুকি পরিশোধের সুপারিশ করা হলো।

বাংলাদেশ লাইভ এন্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন-এর দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোনো প্রকার ঘষামাজা, কাঁটাছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]